রেজিস্টার্ড নং ডি এ-১ | ২০২৪ সনের ১৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৯, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৪৭—২৫৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৮১—৬৩১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৭৩—৩৮৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলিসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**শোক প্রস্তাব**

তারিখ: ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/২১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১১.০০.০০০০.৮০৩.৪৫.০৯৮.১৪-৩৯**—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব খন্দকার আবদুল মুত্তালিব হৃদরোগে আক্রান্ত হয়ে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল-এ চিকিৎসাধীন অবস্থায় গত ১৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২৯ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ রোজ শুক্রবার সকাল ০৯.৩৫ ঘটিকায় মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। মরহুম খন্দকার আবদুল মুত্তালিব একজন সৎ, কর্তব্যপরায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ০৩ (তিন) সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

০৩। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় মরহুম খন্দকার আবদুল মুত্তালিব-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**[প্রজ্ঞাপন]**

তারিখ: ০৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/২২ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং-০৪/২০২৪/কাস্টমস/৫৫**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী ইউনিয়ন এর নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা বন্ডেড ওয়্যারহাউজিং ষ্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা:

| বিবরণ | মৌজার নাম | জে এল নম্বর | দাগ নম্বরসমূহ | আর.এস. খতিয়ান নং | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী ইউনিয়নভুক্ত এলাকা | পোড়াকাটলা ১১৯ | ১১৫ হাল ১১৯ | ৩৫৫৯, ৩৫৫৮, ৩৫৫৭, ৩৫৬১ | ২৩৬, ৪৪৮, ৩০৯, ১৩৮ | ৯৬.১৬ শতাংশ |

**চৌহদ্দি:**

ক) পূর্বে: ওয়াব্দার রাস্তা;

খ) পশ্চিমে: আয়নার জমি;

গ) উত্তরে: আকবর আলীর জমি; এবং

ঘ) দক্ষিণে: রেজাউল ঢালির বাড়ী।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এইচ, এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**[প্রজ্ঞাপন]**

তারিখ: ২৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

নং-**০১/২০২৪/কাস্টমস/২৬**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠান মেসার্স টস বন্ড (প্রাঃ) লিঃ (বন্ড লাইসেন্স নং-০২/কাস-এসবিডব্লিউ/১৯৭৯, তারিখ: ১৯-০১-১৯৭৯) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১. | মেসার্স টস বন্ড (প্রাঃ) লিঃ | ১৩,২০,০০০ (তের লক্ষ বিশ হাজার মার্কিন ডলার) |

০২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২৩-২০২৪ অর্থবছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত ৭,৩৮,৯২৯.১৩ মাঃ ডলার সমন্বয় করতে হবে।

**এইচ, এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ১০ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৪ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৮.৯৯(১/১)-১৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব সাইদুর রহমান মাসুম, জন্ম তারিখ: ০১-১০-১৯৮০ খ্রি., পিতা: এ.বি. এম হাবিবুর রহমান, মাতা: ছাইদা বেগম, গ্রাম-খাজুরতলা, ওয়ার্ড নং-০২, ডাকঘর: বরগুনা, উপজেলা: বরগুনা, জেলা: বরগুনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরগুনা জেলার সদর উপজেলার ০২ নং গৌরিচন্না ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৮.৯৯(১/১)-১৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব বেলাল হোসাইন, জন্ম তারিখঃ ৩০-১২-১৯৯৬ খ্রি. পিতাঃ সুলতান খান, মাতাঃ জয়নব বেগম, গ্রাম-পদ্মা, ওয়ার্ড নং-০৬, ডাকঘরঃ শিয়ালিয়া, উপজেলাঃ বরগুনা, জেলাঃ বরগুনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরগুনা জেলার সদর উপজেলার ১০ নং নলটোনা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখঃ ০৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৮ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১৩০.১১.১০০.২৩.০২২**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে পটুয়াখালী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ রাসেল খান, পিতা-আবদুল মজিদ খান, মাতা-সালেহা খাতুন- কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল।

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/২২ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৫.০৮.০০৮.২২.৩২**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর সহকারী পরিচালক (সিনিয়র সহকারী জজ), জনাব নুসরাত জাহান উর্মি-এর অনুকূলে Monash University, Australia কর্তৃক প্রদত্ত Monash Graduate Scholarship (MGS) এবং Monash International Tuition Scholarship (MITS) এর আওতায় সম্পূর্ণ অর্থায়ন সম্পন্ন বৈদেশিক বৃত্তিতে Monash University-তে আগামী ১৩-০২-২০২৪ হতে ১২-০২-২০২৮ তারিখ পর্যন্ত চার বছর মেয়াদী "Operationalizing the Concept of Loss & Damage Funding with a view to Formulating a Legal Framework of Climate Justice" বিষয়ক PhD কোর্সে অধ্যয়নের জন্য আগামী ০১-০২-২০২৪ হতে ২১-১২-২০২৭ তারিখ পর্যন্ত ৩ বছর ১০ মাস ২০ দিনের জন্য প্রেষণ এবং ২২-১২-২০২৭ হতে ২৮-০২-২০২৮ তারিখ পর্যন্ত ২ মাস ৬ দিনের জন্য বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুরের উদ্দেশ্যে তাঁকে বর্তমান কর্মস্থল হতে বদলিপূর্বক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো।

২। সংশ্লিষ্ট কর্মকর্তাকে দপ্তর প্রধান কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ২৮-০১-২০২৪ তারিখ তাঁর বর্তমান পদের কার্যভার অর্পণপূর্বক অবিলম্বে এ বিভাগে যোগদানের জন্য অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোর্শেদ আল মামুন ভুঁইয়া**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ০৯ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১১৫.২৩-৪৫**—যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম (বিপি-৬৯৯৮০০৮৫২৯), অফিসার ইনচার্জ, তাড়াইল থানা, কিশোরগঞ্জ জেলা ইতোঃপূর্বে অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর জেলায় কর্মকালে কাপাসিয়া থানার সাবেক এসআই (নিঃ)/কায়সার আহমেদ মামলার তদন্তকারী কর্মকর্তা হিসেবে কাপাসিয়া থানার মামলা নং-৪৩, তারিখ-২৬-০৪-২০১৯, ধারা-২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১)

এর ১০(ক) আলামত পরীক্ষার অনুমতির জন্য আবেদন করলে অভিযুক্ত তা অগ্রগামী না করে দীর্ঘদিন ফেলে রাখেন। পরবর্তীতে এসআই(নিঃ)/সুমন মিয়া মামলাটির তদন্তের দায়িত্বপ্রাপ্ত হয়ে আলামত পরীক্ষার অনুমতির জন্য ০৮-০৮-২০১৯ তারিখ আবেদন করলে আবেদনটি প্রায় ০৪ (চার) মাস বিলম্বে ০২-১২-২০১৯ তারিখে অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম অগ্রগামী করে বিজ্ঞ আদালতে প্রেরণ করার বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী আগামী ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা'র দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ১৬-০১-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম (বিপি-৬৯৯৮০০৮৫২৯), অফিসার ইনচার্জ, তাড়াইল থানা, কিশোরগঞ্জ জেলা- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক "০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" লঘুদণ্ডের আদেশ বহাল রাখা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখঃ ২৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/০৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮১.২৩-৭৮**—যেহেতু, জনাব মোঃ এমদাদুল হক (বিপি-৭৩৯৬০৫৩৫৬৩), বর্তমানে অফিসার ইনচার্জ, নালিতাবাড়ী থানা, শেরপুর জেলা ইতোঃপূর্বে অফিসার ইনচার্জ, টঙ্গী পশ্চিম থানা, জিএমপি, গাজীপুর হিসেবে কর্মরত থাকাবস্থায় ০৬-১০-২০১৮ তারিখ টঙ্গী পশ্চিম থানাধীন কলেজ গেইটের পাইলট স্কুলের মাঠের দক্ষিণ পার্শ্বে পাকা রাস্তার উপর বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), জামায়াত ইসলামী ও এর অঙ্গ সংগঠনের কেন্দ্রীয় নেতাদের প্ররোচনায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), জামায়াত ইসলামী ও এর অঙ্গ সংগঠনের উচ্ছৃঙ্খল নারী-পুরুষ নেতাকর্মীরা কারাবন্দী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মুক্তির দাবি এবং খালেদা জিয়ার মুক্তি ব্যতীত আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে বানচাল করার লক্ষ্যে বেআইনী জনতাবদ্ধে লাঠি সোঠা, ইট পাটকেল, ককটেল বোমা, পেট্রোল বোমা ও অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে অপরাধমূলক বল প্রয়োগ, পুলিশের কর্তব্য কর্মে বাধাদান ও আহত করাসহ নাশকতামূলক কার্যকলাপ ও ত্রাস সৃষ্টি করার লক্ষ্যে ষড়যন্ত্রের প্রস্তুতি নেয়। উক্ত ঘটনায় তার থানায় কর্মরত এসআই (নিরস্ত্র) মোঃ নাজমুল হুদা বাদি হয়ে (১) টঙ্গী পশ্চিম থানার মামলা নং-০৫, তারিখ-০৬-১০-২০১৮, ধারা-১৪৩/১৫২/১৮৬/৩৩২/৩৫২/৩৫৩/১০৯ দঃবিঃ তৎসহ স্পেশাল পাওয়ার এ্যাক্ট এর ১৫(৩)/২৫(ঘ) ধারায় ৫১ জন এজাহারনামীয় আসামীসহ অজ্ঞাতনামা ৫০/৬০ জন আসামী এবং (২) মামলা নং-০৬, তারিখ-০৬-১০-২০১৮, ধারা Exclosive Substance Act 1908 আইনের ৪/৫/৬ ধারায় ৫২ জন এজাহারনামীয় আসামীসহ অজ্ঞাতনামা ৫০/৬০ জনকে আসামী করে পৃথক ০২টি মামলা দায়ের করে। মামলা ০২ টির রুজুকারী কর্মকর্তা তিনি। উক্ত মামলা ০২ টির এজাহার পর্যালোচনায় দেখা যায়, এফআইআর কপিতে ২৮নং আসামী মোঃ মাহবুব হোসেন মিয়া, পিতাঃ আল-আমীন মিয়া, সাং-মুদ'ফা সাতাইশ, টঙ্গী, গাজীপুর এর নাম ফ্লুইড ব্যবহার করে ঘষামাজা করা হয়েছে। তিনি সু-শৃঙ্খল বাহিনীর একজন প্রশিক্ষিত কর্মকর্তা হওয়া সত্ত্বেও সম্পূর্ণ নিয়ম শৃঙ্খলা জেনেও এজাহারে ঘষামাজা করায় এ বিষয়ে ১২/১০/২০১৮ তারিখ প্রথম আলো পত্রিকায় ছাত্রলীগ নেতাকে বাঁচাতে এজাহার বদল শীর্ষক সংবাদ প্রকাশিত হয়। তার এহেন কর্মকাণ্ড দ্বারা জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী আগামী ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ১৬-০১-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তা বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, জনাব মোঃ এমদাদুল হক (বিপি-৭৩৯৬০৫৩৫৬৩), বর্তমানে অফিসার ইনচার্জ, নালিতাবাড়ী থানা, শেরপুর জেলা এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি২(খ) মোতাবেক আগামী ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক আগামী ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখঃ ২৫ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০২.২০২৪-৯০**—জনাব মুহম্মদ মনিরুজ্জামান (বিপি-৯০১৯২২৪০১৬), সহকারী পুলিশ সুপার, বর্তমানে ১৬ এপিবিএন, টেকনাফ, কক্সবাজার জেলা-এর বিরুদ্ধে অদক্ষতা, অপেশাদারিত্ব, অসদাচরণ এবং দুর্নীতি পরায়ণতার অভিযোগের সত্যতা পাওয়া যায় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী অভিযুক্তকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন মর্মে বিবেচিত হওয়ায় এতদ্বারা তাকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

০২। তিনি বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন; এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/ ০৮ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১৫.০০.০০০০.০৪১.৩১.০০৭.১২-১৩**—২০১১-১২ অর্থবছরে সরকারি অনুদানপ্রাপ্ত'একা একা' নামক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজক ও পরিচালক সৈয়দ সালাহউদ্দিন জাকী এর অনুকূলে ৩৫,০০,০০০/-(পঁয়ত্রিশ লক্ষ) টাকা অনুদান প্রদানের প্রজ্ঞাপন জারি করা হয়। এরই ধারাবাহিকতায় ১ম কিস্তি বাবদ ৩০% হিসেবে ১০,৫০,০০০/-(দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে চলচ্চিত্রটির নির্মাণ কাজ সমাপ্ত না করায় তাঁর বিরুদ্ধে জেলা প্রশাসক, ঢাকা-এর কার্যালয়ে সার্টিফিকেট মামলা নম্বর ৩০০ ত: ম:/২০১৬ রুজু করা হয়। তাঁর অনুকূলে ১ম কিস্তি বাবদ প্রদত্ত ১০,৫০,০০০/-(দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সুদাসলে ১৩,৭৬,৮২২.৯২/-( তেরো লক্ষ ছিয়াত্তর হাজার আটশত বাইশ টাকা বিরানব্বই পয়সা) সরকারের দাবি নির্ধারণ করা হয়। উক্ত টাকার মূল দাবি ১০,৫০,০০০/-(দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করা হয়েছে। কিন্তু সুদ হিসেবে সরকারের প্রাপ্য ৩,২৬,৮২২.৯২/-(তিন লক্ষ ছাব্বিশ হাজার আটশত বাইশ টাকা বিরানব্বই পয়সা) পরিশোধ করা হয়নি। প্রযোজক গত ১৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ইন্তেকাল করায় তার স্ত্রী মিস্ সাহানা বেগম সুদের দাবি ৩,২৬,৮২২.৯২/-(তিন লক্ষ ছাব্বিশ হাজার আটশত বাইশ টাকা বিরানব্বই পয়সা) টাকা মওকুফের জন্য অনুরোধ জানান।

০২। এমতাবস্থায়, আর্থিক ক্ষমতা অর্পণ আদেশের অর্থ বিভাগে বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়াবলির তালিকার ১৬ নম্বর ও মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর সংস্থার প্রধান ও অন্যান্যদের নিকট অর্পণকৃত আর্থিক ক্ষতি অবলোপন ক্ষমতার ক্রমিক নম্বর-১০০ অনুযায়ী সুদ হিসেবে সরকারের প্রাপ্য ৩,২৬,৮২২.৯২/-(তিন লক্ষ ছাব্বিশ হাজার আটশত বাইশ টাকা বিরানব্বই পয়সা) টাকা অবলোপন করা হলো।

০৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**তথ্য ও গণযোগাযোগ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ১৫.০০.০০০০.০২৫.২৭.০০২.২১-৩৫৩**—যেহেতু, জনাব হাসান পারভেজ, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ঠাকুরগাঁও এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও হতে গত ১৫ সেপ্টেম্বর ২০১১ তারিখের ০৫.৫৫.৯৪০০.০১.০০০.০০.২১-৩২০ নম্বর স্মারকমূলে এ মন্ত্রণালয়কে অবহিত করা হয়;

যেহেতু, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর অভিযোগের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে ২/২০২১ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একই বিধিমালার বিধি-৪ মোতাবেক কেন তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাবসহ কারণ দর্শানো এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চান কিনা তাও উল্লেখ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি গত ০৩ জানুয়ারি ২০২২ তারিখে অভিযোগের জবাব দাখিল করেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন ও রুজুকৃত বিভাগীয় মামলা খারিজ করার জন্য অনুরোধ জানান; তিনি ব্যক্তিগত শুনানী দিতে আগ্রহ প্রকাশ করেননি; তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মতো পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিস্তারিত তদন্ত শেষে গত ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে ১৫.০০.০০০০.০১৫.২৭.০১০.২২.২১০ নম্বর স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং জনাব হাসান পারভেজ, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ঠাকুরগাঁও এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং ভুয়া বিল ভাউচারের মাধ্যমে সরকারি অর্থ ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার) টাকা তছরুপের বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় (২/২০২১) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ এর উপবিধি (৮) ও (৯) অনুসারে ২য় কারণ দর্শানো নোটিশ তার দাপ্তরিক ঠিকানায় প্রেরণ করা হয়; তিনি উক্ত কারণ দর্শানোর জবাব গত ১৭ অক্টোবর ২০২২ তারিখে দাখিল করেন; জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং এ ধরনের ঘটনা পুনরাবৃত্তি হবে না মর্মে অঙ্গীকার করেন; তার নিকট সরকারের আর্থিক ক্ষতি চাহিবা মাত্র তিনি ফেরত প্রদান করবেন এবং বিধি মোতাবেক যে কোনো শাস্তি আরোপকৃত হলে তা মেনে নিবেন মর্মে জবাবে উল্লেখ করেন;

যেহেতু, তিনি ২৬-১১-২০২৩ তারিখের আবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ পুনরায় স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেন এবং সরকারের তছরুপকৃত অর্থ ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার) টাকা অনলাইন ব্যাংকিং চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের স্লিপ দাখিল করেন;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় (২/২০২১) আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে তিনি 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত হন বিধায় দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব হাসান পারভেজ, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ঠাকুরগাঁও এর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০২১ নং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ এর (২)(ঘ) উপবিধি অনুযায়ী তাকে 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডের ২২০০০-৫৩০৬০/-টাকা বেতনস্কেলে বর্তমানে প্রাপ্ত মূলবেতন ৪১৫৫০/-এর দুই ধাপ পূর্ববর্তী নিম্নতর ধাপ অর্থাৎ ৩৭,৬৮০/-টাকা মূলবেতনে অবনমিতকরণ-সূচক 'লঘুদণ্ড' প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সিনিয়র সচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৪ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

**নং ৩০.০০.০০০০.০১৪.২৪.০০১.২০২০-২২**—জনস্বার্থে চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চরাচল কর্তৃপক্ষ এর সুপারিশের আলোকে US-Bangla Airlines Ltd. এর রেজিস্টার্ড উড়োজাহাজগুলোর Component Maintenance সম্পন্ন করার নিমিত্তে ST Engineering Aerospace Systems PTE Ltd. এর অনুকূলে (ভূতাপেক্ষভাবে ৮ জানুয়ারি ২০২৪ হতে ৭ জুলাই ২০২৪ পর্যন্ত) ৬ (ছয়) মাসের জন্য বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR 1984, Rule-190(5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন ও অনুবিভাগ-১**
**প্রশাসন অধিশাখা-৫**

**অফিস আদেশ**

তারিখ: ১১ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৫ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০১.২২-২৯**—জনাব মোহাম্মদ ফজলুল হক, নির্বাহী প্রকৌশলী, শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-১, ঢাকায় কর্মকালীন সময়ে "ন্যাশনাল ইনষ্টিটিউট অব নিউরোসাইন্স এন্ড হাসপাতাল" নিমাণ প্রকল্পের ২য় চলতি বিলে ১০৪৪.৯০ লক্ষ টাকা M/S GKBPL-PAEL ঠিকাদারকে অগ্রিম প্রদান করেন। সংশ্লিষ্ট ঠিকাদার পরবর্তীতে অসম্পূর্ণ কাজ সম্পন্ন করতে ব্যর্থ হওয়ায় এবং ঠিকাদারকে এরূপ অগ্রিম বিল প্রদান অনুচিত মর্মে উল্লেখ করে জনাব মোহাম্মদ ফজলুল হক কে দায়ী করে প্রাথমিক তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করে। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে ০২/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানো নোটিশের জবাবে জনাব মোহাম্মদ ফজলুল হক জানান সংশ্লিষ্ট বিভাগের সকল প্রকল্পই যথা সময়ের মধ্যেই সম্পন্নকরণ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ জামানত সুরক্ষিত রেখে কাজের গতি বেগবান করার জন্য সরল বিশ্বাসে বিল প্রদান করেছিলেন। তিনি দীর্ঘ কর্মজীবনে কখনও স্বেচ্ছায়, স্বজ্ঞানে অথবা অন্যের প্ররোচনায় প্ররোচিত হয়ে অন্যায়, অনৈতিক ও দুর্নীতিমূলক কোনো কাজের সাথে আপোষ করেন নাই। তিনি সরকারের উন্নয়ন কাজ বাস্তবায়নে সর্বদা ইতিবাচক মনোভাব পোষণ করে উন্নয়ন কাজের সহযোগী হিসেবে নিজেকে আত্মনিয়োগ করেছেন।

০২। জবাব পর্যালোচনায় সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব শাকিলা জেরিন আহমেদকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে জানান যে, 'এক্সটেনশন অব নিউরোসাইন্স প্রকল্পের ৪র্থ কিস্তি হিসাবে ২য় চলতি বিল বাবদ ১০৪৪.৯০ লক্ষ টাকা সংশ্লিষ্ট ঠিকাদারকে অগ্রিম প্রদান সংক্রান্ত আর্থিক অনিয়মে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ ফজলুল হক, সাবেক নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর, গণপূর্ত বিভাগ-১, ঢাকা এর সংশ্লিষ্টতা রয়েছে। তিনি পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর ব্যত্যয় ঘটিয়ে আর্থিক অনিয়ম করেছেন যা সুস্পষ্টভাবে আর্থিক বিধির লঙ্ঘন। পরবর্তীতে, সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ঠিকাদারের অন্যান্য প্রকল্পসহ বর্ণিত প্রকল্পের Retention Money হতে ১০৪৪.৯০ লক্ষ টাকা কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক ঠিকাদারকে প্রদত্ত অগ্রিম টাকা সমন্বয় করা হয়। ফলে, রাষ্ট্র বড় ধরনের ক্ষতি হতে রক্ষা পায়। সে কারণে তাঁকে গুরুদণ্ড প্রদান না করে লঘুদণ্ড দেয়া সমীচীন বলে প্রতীয়মান হয়। অভিযোগটি আর্থিক শৃঙ্খলা সংশ্লিষ্ট হওয়ায় অভিযুক্ত জনাব মোহাম্মদ ফজলুল হককে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২ এর (ঘ) অনুযায়ী ' বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ তার বর্তমান বেতন গ্রেডের প্রারম্ভিকধাপে নামিয়ে দেওয়ার দণ্ড প্রদান করা হলো।

০৩। জনস্বার্থে প্রদেয় এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী ওয়াছি উদ্দীন**
সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**শাখা-০৫**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩৯.০০.০০০০.০০৫.১১.০১৩.২৩-৬৭**—বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮)-এর ধারা ৫ এর উপধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের বোর্ডের সদস্য (অর্থ) ও সদস্য (উন্নয়ন) পদ নিম্নোক্তভাবে বন্টন করা হলো:

| ক্র. নং | কর্মকর্তার নাম | বন্টনকৃত বর্তমান পদ | পুনঃবন্টনকৃত পদ |
|---|---|---|---|
| ১. | জনাব কাজী আনোয়ার হোসেন, যুগ্মসচিব (পরিচিতি নং-৬৩৯৮) | সদস্য (উন্নয়ন) | সদস্য (অর্থ) |
| ২. | জনাব রোকনুজ্জামান যুগ্মসচিব (পরিচিতি নং-৭৮৯৪) | সদ্য যোগদানকৃত | সদস্য (উন্নয়ন) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ সেলিম রেজা**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.৭৬**—গত ১১ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.১৭২৫ নং

স্মারকে জারীকৃত সরকারি ও বেসরকারি কলেজসমূহের ২০২৪ সালের (১৪৩০-১৪৩১ বঙ্গাব্দ) বাৎসরিক ছুটির তালিকা আংশিক সংশোধনক্রমে আগামী ১০ মার্চ ২০২৪ খ্রি. তারিখ হতে ২৪ মার্চ ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ১৫ (পনেরো) দিন সরকারি ও বেসরকারি কলেজসমূহের শ্রেণি কার্যক্রম চালু রাখার বিষয়ে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোদেজা খাতুন**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ০৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৮২.৮২.০০১.২১.৩২**—এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল), কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস্ অব এসোসিয়েশনের ৫৪(২) ধারা মোতাবেক, পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে নিম্নোক্ত মনোনয়ন প্রদান করা হলো:

| ক্র: নং | নাম, পদবি ও ঠিকানা | মনোনীত পদের নাম ও প্রতিষ্ঠান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ডা: সামন্ত লাল সেন<br>মন্ত্রী<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>ফোন: ০২-২২২৩৩৫৪৪২২ (অফিস)<br>ই-মেইল:<br>minister@mohfw.gov.bd | চেয়ারম্যান, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল) পরিচালনা পর্ষদ | তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রাক্তন মন্ত্রী জনাব জাহিদ মালেক-এর স্থলাভিষিক্ত হবেন। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৬ চৈত্র ১৪৩০/২০ মার্চ ২০২৪

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৭৩.৭৮(১)-৩৯**— মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ হেদায়েত উল্লাহ, জন্ম তারিখ: ১৫-০৯-১৯৯০ খ্রি. পিতা-মু: সোলাইমান মোল্লা, মাতা-হাজেরা বেগম, গ্রাম-জাহাপুর, ওয়ার্ড নং-০২, ডাকঘর-জাহাপুর, উপজেলা-মুরাদনগর, জেলা-কুমিল্লা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ১৭ নং জাহাপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।